

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ভান্ডারিয়া, পিরোজপুর।

ধান সংগ্রহ বিজ্ঞপ্তি

ভান্ডারিয়া উপজেলার কৃষক/কৃষানীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার আমন মৌসুম(২০১৯-২০২০) ভান্ডারিয়া উপজেলায় ৭৬৩ মে.টন ধান সংগ্রহ করবে। উপজেলা সংগ্রহ কমিটির ১৮/১১/২০১৯খ্রিঃ তারিখের সভায় সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৮/১১/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারী খাদ্য গুদামে ধান বিক্রয়ে আগ্রহী কৃষক/কৃষানীদের তালিকা প্রস্তুতের কাজ চলবে। উক্ত তারিখের পর আর কোন কৃষক/কৃষানী তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন না। তাই যারা এখনো ধান বিক্রয়ের জন্য আবেদন করেননি তাদেরকে নিকটস্থ উপ সহকারী কৃষি কর্মকর্তার কাছে/ইউনিয়ন পরিষদে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। ইউনিয়নের সংগ্রহ লক্ষমাত্রার চেয়ে বেশী আবেদনের ক্ষেত্রে আগামী ২৯/১১/২০১৯খ্রিঃ তারিখ লটারীর মাধ্যমে কৃষক নির্বাচন করা হবে।

সংগ্রহতব্য ধানের বিনির্দেশ(মান):ঃ-

(ক) আদ্রতা(শুকানোর মান)	১৪%(সর্বোচ্চ)
(খ) বিজাতীয় পদার্থ	০.৫%
(গ) বিভিন্ন জাতের ধানের মিশ্রন	৮%
(ঘ) অপুষ্টি ও বিনষ্ট দানা	২%
(ঙ) চিটা	০.৫%

ধান সংগ্রহ মূল্যঃ- প্রতি কেজি=২৬/- (ছাব্বিশ) টাকা।

(এস এম মোহেবুল্লাহ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ভান্ডারিয়া, পিরোজপুর।

তারিখঃ- ২০/১১/২০১৯খ্রিঃ

স্মারক নং/উখানি/ভান্ডা/সংগ্রহ/২০১৯-২০২০/১৭৯

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-০২।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।

৪। উপজেলা কৃষি অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর ও সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ভান্ডারিয়া, পিরোজপুর। উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সহকারী কমিশনার ভূমি, ও সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ভান্ডারিয়া, পিরোজপুর।

৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ভান্ডারিয়া, পিরোজপুর।

৭। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ(সকল).....। বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি ও সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ভান্ডারিয়া, পিরোজপুর।

৯। আব্দুল বারেক হাওলাদার, কৃষক প্রতিনিধী, ও সদস্য উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, ভান্ডারিয়া, পিরোজপুর।

১০। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ/খাদ্য নিয়ন্ত্রক/কৃষি অফিস।

১১। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ভান্ডারিয়া, পিরোজপুর।